# ইসলামিক ফাউন্ডেশন

[ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ]
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা১২০৭
www.islamicfoundation.gov.bd

## ইসলামিক ফাউন্ডেশনের ১৪৮তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : আনিস মাহমুদ, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ইসলামিক ফাউন্ডেশন।

তারিখ ও সময় : ১৭ জুন ২০২০.বেলা ১১.০০ ঘটিকা।

বিরাজমান করোনা ভাইরাস পরিস্থিতিতে সভাপতিসহ প্রধান কার্যালয়ের পরিচালকবৃন্দ, উপসচিব ও প্রকল্প পরিচালকবৃন্দ এবং বিভাগীয় পরিচালকগণ জুম অ্যাপস্ এর মাধ্যমে সভায় সংযুক্ত হন। পবিত্র কুরআন তিলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। সভার শুরুতে সভাপতি উল্লেখ করেন, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও ইসলামিক ফাউন্ডেশন বোর্ড অব গভর্নরস্ এর চেয়ারম্যান আলহাজ্ব এডভোকেট শেখ মোঃ আব্দুল্লাহ ১৩ জুন ২০২০ শনিবার রাত ১১:৪৫ টায় চিকিৎসাধীন অবস্থায় সম্মিলিত সামরিক হাসপাতালে ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজেউন। মরহুম মাননীয় প্রতিমন্ত্রী একজন দক্ষ, প্রজ্ঞাবান ও অভিজ্ঞ রাজনীতিবিদ ছিলেন । সকলের প্রতি তাঁর আন্তরিকতাপূর্ণ ব্যবহারের মাধ্যমে তিনি সকলকে সহজেই আপন করে নিতে পারতেন। তিনি নিরহংকার ও নির্লোভ ছিলেন। শিক্ষাজীবন শেষে তিনি বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সরকারী চাকুরিতে প্রবেশের সুযোগ পেয়েছিলেন কিন্তু নিরাপদ জীবনের হাতছানি উপেক্ষা করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পরামর্শে তিনি রাজনীতিতে আত্মনিবেদন করেন। তিনি একদিকে যেমন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্নেহধন্য ছিলেন অন্যদিকে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অত্যন্ত বিশ্বস্ত ও অনুগত ছিলেন। তিনি মাননীয় প্রধানমন্ত্রীর নির্বাচনী এলাকার দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি ছিলেন। মাননীয় প্রতিমন্ত্রী আলেম-ওলামাগণকে সর্বোচ্চ সম্মান করতেন। বিভিন্ন বিষয়ে তাদের সাথে পরামর্শ করতেন এবং তাদের মতামতকে গুরুত্ব দিতেন। ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রমের গতিশীলতা ও উন্নয়নে তাঁর অনেক পরিকল্পনা ছিলো। ইসলামিক ফাউন্ডেশনের শৃঙ্খলা ফিরিয়ে আনা এবং ঐতিহ্য পুনরুদ্ধারে তিনি সচেষ্ট ছিলেন। মরহুম মাননীয় প্রতিমন্ত্রীর স্মৃতির প্রতি হৃদয় নিংড়ানো শ্রদ্ধা, তাঁর বিদেহী আত্মার মাগফিরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানানো হয়।

২। সভাপতির অনুমতিক্রমে সমন্বয় বিভাগের পরিচালক জনাব মোহাম্মদ মহীউদ্দিন মজুমদার বলেন, মরহুম মাননীয় ধর্ম প্রতিমন্ত্রী মহোদয় ছিলেন আমাদের পিতৃতুল্য অভিভাবক। তাঁর স্বভাবজাত আন্তরিকতা ও ভালবাসার মাধ্যমে তিনি আমাদের আপন করে নিয়েছেন। আমরা যখনই কোন সমস্যায় পড়েছি মাননীয় মন্ত্রী মহোদয় অত্যন্ত আন্তরিকতার সাথে তা সমাধান করে দিতেন। মাননীয় প্রতিমন্ত্রীর ইন্তেকালের পর ১৪ জুন রবিবার তাৎক্ষণিকভাবে বায়তুল মুকাররম জাতীয় মসজিদ, ইসলামিক ফাউন্ডেশন আগারগাঁও কার্যালয়, ৮টি বিভাগীয় ও ৬৪ জেলা কার্যালয়, ৫০টি ইসলামিক মিশন ও ৭টি ইমাম প্রশিক্ষণ একাডেমীতে মাননীয় প্রতিমন্ত্রীর রুহের মাগফিরাত কামনায় দোয়ার আয়োজন করা হয়।তিনি আরো বলেন, বিরাজমান করোনা ভাইরাস পরিস্থিতিতে মরহুম মাননীয় প্রতিমন্ত্রী আলহাজ্ব এডভোকেট শেখ মোঃ আব্দুল্লাহর ঐকান্তিক প্রচেষ্টায় মাননীয় প্রধানমন্ত্রী বাংলাদেশের সকল মসজিদ ও কওমি মাদ্রাসার অনুকূলে আর্থিক অনুদান প্রদান এবং বিশেষ ব্যবস্থায় বাংলাদেশের আলেম-ওলামাদের সর্ববৃহৎ কর্মসংস্থানস্থল মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের সানুগ্রহ অনুমোদন প্রদান করেন। এছাড়া করোনা ভাইরাস সংক্রমণ পরিস্থিতিতে মসজিদ ব্যবস্থাপনা ও জনগণের স্বাস্থ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে তাঁর আগ্রহে শীর্ষস্থানীয় আলেমগণ বৈঠকে মিলিত হন। আলেম-ওলামার সাথে মতবিনিময়ের মাধ্যমে করোনাকালে মসজিদ ব্যবস্থাপনা, মসজিদে নামাজ, তারাবীহ ও ঈদের নামাজ আদায়ে সকলের কাছে গ্রহণযোগ্য নির্দেশনা জারি করেন। তাঁর ব্যক্তিগত উদ্যোগে ইমাম-মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্টের মাধ্যমে পূর্বের চেয়ে অধিক সংখ্যক আলেম-ওলামাকে আর্থিক অনুদান প্রদান করা হয়। আর্থিকভাবে অস্বচ্ছল আলেম-ওলামা ও কর্মচারীদের সরকারী যাকাত ফান্ড থেকে যাকাতের অর্থ প্রদানের ব্যবস্থা করেন। করোনাকালে ঝুঁকিপূর্ণ পরিস্থিতিতে মাননীয় প্রতিমন্ত্রীর নির্দেশনা, মাননীয় ধর্মসচিব মহোদয়ের তত্ত্বাবধান এবং ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক মহোদয়ের সুযোগ্য নেতৃত্বে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়িত কার্যক্রমের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী ভূয়সী প্রশংসা করেন।

৩। অতঃপর সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্যসূচি | আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| (১) মাননীয় ধর্ম প্রতিমন্ত্রী ও ইসলামিক ফাউন্ডেশন বোর্ড অব গভর্নরস্ এর চেয়ারম্যান এডভোকেট শেখ মোঃ আব্দুল্লাহর রুহের মাগফিরাত কামনা করে কুরআনখানি ও দোয়া মাহফিল | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও ইসলামিক ফাউন্ডেশন বোর্ড অব গভর্নরস্ এর চেয়ারম্যান আলহাজ্ব এডভোকেট শেখ মোঃ আব্দুল্লাহর রুহের মাগফেরাত কামনা করে বায়তুল মুকাররম জাতীয় মসজিদ, চট্টগ্রামের আন্দরকিল্লা শাহী জামে মসজিদ, জমিয়তুল ফালাহ মসজিদ ও রাজশাহীর হেতেম খাঁ মসজিদসহ ইসলামিক ফাউন্ডেশনের ৬৪ বিভাগীয়/জেলা কার্যালয়, ৫০টি ইসলামিক মিশন, ৭টি ইমাম প্রশিক্ষণ একাডেমী ও মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের ৮০ হাজার গণশিক্ষা কেন্দ্রে কুরআনখানি ও দোয়া মাহফিল এবং দেশের সকল মসজিদে বাদ জুমা দোয়ার আয়োজন করা যেতে পারে। | আগামী ১৯ জুন ২০২০ শুক্রবার বাদ জুমা বায়তুল মুকাররম জাতীয় মসজিদ, চট্টগ্রামের আন্দরকিল্লা শাহী জামে মসজিদ, জমিয়তুল ফালাহ মসজিদ ও রাজশাহীর হেতেম খাঁ মসজিদসহ ইসলামিক ফাউন্ডেশনের ৬৪ বিভাগীয়/জেলা কার্যালয়, ৫০টি ইসলামিক মিশন, ৭টি ইমাম প্রশিক্ষণ একাডেমী ও মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের ৮০ হাজার গণশিক্ষা কেন্দ্রসহ সকল মসজিদে বাদ জুমা দোয়ার আয়োজন করা হবে। | সমন্বয় বিভাগ, দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ |
| (২) মাননীয় ধর্ম প্রতিমন্ত্রী এডভোকেট শেখ মোঃ আব্দুল্লাহর স্মরণে শোকসভা | মাননীয় প্রতিমন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় আলহাজ্ব এডভোকেট শেখ মোঃ আব্দুল্লাহর স্মরণে আগামী ২০ জুন ২০২০ শনিবার বেলা ১১ ঘটিকায় জুম অ্যাপস্ এর মাধ্যমে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও এর অধীনস্থ দপ্তর/সংস্থার কর্মকর্তাদের নিয়ে শোকসভা ও দোয়া মাহফিল আয়োজন করা যেতে পারে। | মাননীয় প্রতিমন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় আলহাজ্ব এডভোকেট শেখ মোঃ আব্দুল্লাহর স্মরণে আগামী ২০ জুন ২০২০ শনিবার বেলা ১১ ঘটিকায় জুম অ্যাপস্ এর মাধ্যমে শোকসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। | সমন্বয় বিভাগ, আইসিটি বি[illegible] ও ইমাম প্রশিক্ষণ একাডেমী |
| (৩) করোনা সংক্রমণে মৃতদের কাফন, জানাযা ও দাফনের জন্য আর্থিক বরাদ্দ প্রদান | করোনা ভাইরাস সংক্রমণে মৃত মুসলমান ব্যক্তিবর্গের কাফন, জানাযা ও দাফন সম্পন্ন করার জন্য ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক গত ২৬মার্চ সারা দেশের জেলা, উপজেলা ও সিটি কর্পোরেশন এলাকার জোনভিত্তিক ৬সদস্য বিশিষ্ট টিম গঠন করা হয়েছে। টিম গুলো সারাদেশে জেলা ও উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় সাধন করে সরকারী নির্দেশনা অনুসরণ করে করোনা কালীন মৃত মুসলমান ব্যক্তি বর্গের কাফন, জানাযা ও দাফন সম্পন্ন করছে। এক্ষেত্রে বিভাগীয় পরিচালক ও জেলার উপপরিচালকগণ সহ মাঠ পর্যায়ের অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ ঝুঁকি নিয়ে অসাধ্য সাধন করেছে। মহাপরিচালক মহোদয় এজন্য তাদেরকে ধন্যবাদ জানান। | ইসলামিক ফাউন্ডেশনের গঠিত কমিটি কর্তৃক করোনা ভাইরাস সংক্রমণে মৃতদের কাফন, জানাযা ও দাফনের কাজে নিয়োজিত ব্যক্তিদের সম্মানী/ যাতায়াতসহ পিপিই, গামবুট ও মাস্কসহ অন্যান্য প্রয়োজনীয় উপকরণ ক্রয়কার্যের বিবরণসহ আর্থিক বরাদ্দের একটি স্বয়ংসম্পূর্ণ চাহিদাপত্র সমন্বয় বিভাগে পাঠাতে হবে। চাহিদাপত্রে লাশ দাফনের সংখ্যা, দাফন ও ব্যয়েরবিবরণ এবং উপযুক্ত তথ্য প্রমাণক উল্লেখ করতে হবে। বিভাগীয় পরিচালকগণ কর্তৃক তাঁর বিভাগের আওতাধীন জেলাসমূহের চাহিদাপত্র সংগ্রহপূর্বক সমন্বয় বিভাগে পাঠাতে হবে। | সমন্বয় বিভাগ, অর্থ ও হিসাব বিভাগ, ৮টি বিভাগীয় ও ৬৪ জেলা কার্যালয় |
| (৪) ইসলামিক ফাউন্ডেশনের সকল কার্যালয়ে ই-নথি বাস্তবায়ন | মহাপরিচালক মহোদয় বলেন, ই-নথি ব্যবহারে সর্বোচ্চ গুরুত্ব প্রদান সত্ত্বেও ই-নথি বাস্তবায়ন সন্তোষজনক নয়। পরিকল্পনা বিভাগ ও জনসংযোগ শাখা ছাড়া অন্যান্য বিভাগে কোনো অগ্রগতি নেই। মন্ত্রণালয় থেকে ই-নথি বাস্তবায়নে জোর তাগিদ দেয়া হচ্ছে। | ইসলামিক ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ের সকল বিভাগ এবং বিভাগীয়/জেলা কার্যালয়ে ই-নথির প্রচলন ও দ্রুত বাস্তবায়ন করতে হবে। | প্রশাসন বিভাগ, সমন্বয় বিভাগ ও আইসিটি বিভাগ |
| (৫) সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর বিধি ২২ এ | মহাপরিচালক মহোদয় বলেন, লক্ষ্য করা যাচ্ছে যে, ইসলামিক ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারীগণ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে বিভিন্ন সংবাদপত্র ও সাময়িকীতে নিজ নামে প্রবন্ধ-নিবন্ধ লিখছেন | সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর বিধি ২২ এ বর্ণিত নির্দেশনা এবং সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা-২০১৯ | প্রশাসন বিভাগ, সমন্বয় বিভাগ ও আইসিটি বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| বর্ণিত নির্দেশনা এবং সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা-২০১৯ প্রতিপালন | এবং অনেকে ইলেক্ট্রনিক মিডিয়ায় বিভিন্ন অনুষ্ঠান পরিচালনা, পরিকল্পনা, উপস্থাপনা ও অতিথি হিসেবে অংশগ্রহণ করছেন। যা সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর বিধি ২২ এ বর্ণিত নির্দেশনার সুস্পষ্ট লংঘন। কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে এ ধরনের কোন কাজ করা যাবে না। যারা এ ধরনের কার্যক্রম লিপ্ত রয়েছেন অনতিবিলম্বে তা পরিহার করতে হবে। | যথাযথভাবে ও গুরুত্ব সহকারে প্রতিপালন করতে হবে। | |
| (৬) প্রকাশনা বিভাগ থেকে ইসলামি পুস্তক প্রকাশনা কার্যক্রম প্রকল্প কর্তৃক ধারকৃত অর্থ ফেরত প্রদান | প্রকাশনা বিভাগের পরিচালক ড. মুহাম্মদ আবদুস সালাম সভাকে জানান, প্রায় ৩ বছর পূর্বে প্রকাশনা বিভাগ থেকে ইসলামি পুস্তক প্রকাশনাকার্যক্রম প্রকল্প ২ কোটি ৭০ লক্ষ টাকা ঋণ নিয়েছিলেন। অদ্যাবধি এ টাকা ফেরত দেয়া হয়নি। বর্তমানে উক্ত প্রকল্প শেষ পর্যায়ে রয়েছে। তাই রাজস্ব খাতের এ অর্থ ফেরত প্রদান করা জরুরি হয়ে পড়েছে। এ বিষয়টি সমাধান করা প্রয়োজন। | ইসলামি পুস্তক প্রকাশনা কার্যক্রম প্রকল্প কর্তৃক প্রকাশনা বিভাগ থেকে ধারকৃত ২ কোটি ৭০ লক্ষ টাকা ফেরত প্রদানের বিষয়ে নিম্নোক্ত কমিটিমহাপরিচালক মহোদয়ের সাথে পরামর্শক্রমে বর্ণিত সমস্যার সমাধান করবেন।<br>১) পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ<br>২) পরিচালক, প্রকাশনা বিভাগ<br>৩) পরিচালক, পরিকল্পনা বিভাগ<br>৪) প্রকল্প পরিচালক, ইসলামি পুস্তক প্রকাশনা কার্যক্রম প্রকল্প। | সংশ্লিষ্ট কমিটি |
| (৭) বিভাগীয় কার্যালয় শক্তিশালী ও গতিশীলকরণ | মহাপরিচালক মহোদয় বলেন, ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয় কার্যালয়গুলো বর্তমানে জেলা কার্যালয়ের ন্যায় কাজ করছে। পরিচালকগণ বিভাগের আওতাধীন জেলাসমূহের খোঁজখবর খুব কমই রাখছেন। প্রকৃতপক্ষে ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রম গতিশীল করতে হলে বিভাগীয় পরিচালকগণ কর্তৃক তার আওতাধীন জেলাসমূহের কার্যক্রম তদারকি ও সমন্বয় সাধন প্রয়োজন। বিভাগীয় কার্যালয়ে প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট ও কর্মকর্তা-কর্মচারী পদায়ন করতে হবে। | ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয় পরিচালকগণ ফলপ্রসু পরিদর্শনের মাধ্যমে তার আওতাধীন জেলা কার্যালয়, ইমাম প্রশিক্ষণ একাডেমী, ইসলামিক মিশন, উন্নয়ন প্রকল্পেরকার্যক্রম তদারকি ও সমন্বয় সাধন নিশ্চিত করবেন। এ লক্ষ্যে বিভাগীয় কার্যালয় শক্তিশালী ও গতিশীল করতে হবে। বিভাগীয় সদর জেলার উপপরিচালকের পদগুলো দ্রুত পূরণ করতে হবে। | প্রশাসন বিভাগ, সমন্বয় বিভাগ ও বিভাগীয় কার্যালয় (সকল) |
| (৮) প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা আয়োজন | পরিকল্পনা বিভাগের পরিচালক বেগম হাজেরা খাতুনপ্রতিটি জেলা ও উপজেলায় ১টি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামি সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্প, মসজিদ পাঠাগার স্থাপন প্রকল্প, গোপালগঞ্জ ইসলামিক ফাউন্ডেশন কমপ্লেক্স স্থাপন প্রকল্প ও সিরতা, ময়মনসিংহ ও কালকিনি, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়াগনস্টিক সেন্টার শক্তিশালীকরণ প্রকল্প- এই ৪টি প্রকল্পের বাস্তবায়ন কমিটির সভা আয়োজনের উপর গুরুত্বারোপ করেন। | ৪টি প্রকল্পের বাস্তবায়ন কমিটির সভা আগামী ২৩/০৬/২০২০ খ্রি. তারিখে জুম অ্যাপস এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। | পরিকল্পনা বিভাগ |
| (৯) জুম অ্যাপস এর মাধ্যমে সভা আয়োজনের প্রয়োজনীয় উপকরণ সরবরাহ ও প্রশিক্ষণ প্রদান। | চলমান করোনা ভাইরাস সংক্রমণ পরিস্থিতিতে মাননীয় প্রধানমন্ত্রীসহ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থা জুম অ্যাপস এর মাধ্যমে ভার্চুয়াল সভার আয়োজন করছে। কোভিড-১৯ পরিস্থিতির উন্নতি না হওয়া পর্যন্ত ইসলামিক ফাউন্ডেশনও জুম অ্যাপসের মাধ্যমে কেন্দ্রীয় ও বিভাগীয় সমন্বয় সভাসহ অন্যান্য সভা আয়োজন করতে পারে। এ | জুম অ্যাপস এর মাধ্যমে সভা আয়োজনের জন্য প্রধান কার্যালয়এবং বিভাগীয় ও জেলা কার্যালয়ের যেসব ল্যাপটপ অকেজো তা মেরামত করতে হবে। ল্যাপটপ না থাকলে নতুন সরবরাহ করতে হবে। এছাড়া সবাইকে হেডফোন সরবরাহ করতে হবে। বিভিন্ন খাতে বরাদ্দকৃত অর্থ থেকে ল্যাপটপসহ | অর্থ ও হিসাব বিভাগ, আইসিটি বিভাগ ইমাম প্রশিক্ষণ একাডেমী, ইসলামিক মিশন ও |

| | | | |
|---|---|---|---|
| | জন্য সকল দপ্তরের অকোজো ল্যাপটপ মেরামত, প্রয়োজনে নতুন ল্যাপটপ ও হেডফোন সরবরাহ করা যেতে পারে। এছাড়া জুম অ্যাপস এর মাধ্যমে কিভাবে সভায় অংশগ্রহণ করা যায় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। | প্রয়োজনীয় উপকরণ ক্রয় করতে হবে। এছাড়া জুম অ্যাপস এর মাধ্যমে সভায় অংশগ্রহণের বিষয়টি সবাইকে প্রশিক্ষণ দিতে হবে। | ইসলামিক ফাউন্ডেশন প্রেস |
| (১০) করোনা পরিস্থিতিতে অফিস জীবানুমুক্তকরণ এবং পরিস্কার পরিচ্ছন্নকরণ | বিরাজমান করোনা ভাইরাস সংক্রমণ পরিস্থিতিতে স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণ করে ইসলামিক ফাউন্ডেশনের অফিসসমূহ জীবাণুমুক্ত করা প্রয়োজন। এছাড়া আগারগাঁওস্থ প্রধান কার্যালয়ের প্রবেশ পথে কিছু কাগজ দিনের পর দিন পড়ে রয়েছে। এগুলোর কারণে অফিসের সৌন্দর্যহানি ঘটছে। তাই এসব কাগজ অপসারণসহ অফিসের পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করা প্রয়োজন। | চলমান করোনা ভাইরাস পরিস্থিতিতে ইসলামিক ফাউন্ডেশনের সকল কার্যালয় স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণ করে জীবাণুমুক্ত করতে হবে। প্রধান কার্যালয়ের প্রবেশপথসহ সকল কার্যালয়ের পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে। | প্রশাসন বিভাগ ৮ বিভাগীয় ও ৬৪ জেলা কার্যালয় ৭টি ইমাম প্রশিক্ষণ একাডেমী ৫০টি ইসলামিক মিশন ও ইসলামিক ফাউন্ডেশন প্রেস |

৪। সভাশেষে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও ইসলামিক ফাউন্ডেশন বোর্ড অব গভর্নরস্ এর চেয়ারম্যান আলহাজ্ব এডভোকে শেখ মোঃ আব্দুল্লাহর আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও মুনাজাত অনুষ্ঠিত হয়। মুনাজাত পরিচালনা করেন প্রকাশনা বিভাগের পরিচাল ড. মাওলানা মুহাম্মদ আবদুস সালাম। সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

আনিস মাহমুদ
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন : ৮১৮১৫১৬